



প্রশান্ত কুমার বিশ্বাস

উপপরিচালক
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

প্রশান্ত কুমার বিশ্বাস ১৯৭০ খ্রিষ্টাব্দের ০১ জানুয়ারি মাগুরা জেলার শ্রীপুর উপজেলার বালিয়াঘাটা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৮৯ খ্রিষ্টাব্দে অনার্সসহ ব্যাচেলর অব সোসাল সায়েন্স এবং ১৯৯০ খ্রিষ্টাব্দে মাস্টার্স অব সোসাল সায়েন্স ডিগ্রি অর্জন করেন। চাকুরিতে যোগদানের পর এলএল.বি. ডিগ্রিও অর্জন করেন।

তিনি ১৯৯৬ সালের সেপ্টেম্বর মাসে হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ফিল্ড অফিসার (প্রথম শ্রেণির কর্মকর্তা) হিসাবে চাকুরীতে যোগদান করেন। কর্মজীবনে তিনি বাংলাদেশের বিভিন্ন জেলার হিন্দুধর্মীয় প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেছেন। বর্তমানে হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের উপপরিচালক হিসেবে কাজ করে যাচ্ছেন।

তিনি সরকারের বিভিন্ন প্রশিক্ষণ ও সম্মেলনে অংশগ্রহণ করেছেন। তিনি হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের চাকুরি সূত্রেই অফিসের কাজে ভারত সফর করেন। তিনি সরকারি উদ্যোগে বাংলাদেশের তীর্থযাত্রী দল নিয়ে মায়াপুর, গয়া, কাশি, মথুরা, বৃন্দাবন, তারাপীঠ, দেওভোগ, নালন্দা বিশ্ববিদ্যালয়, কুম্ভমেলা, তাজমহল ও কোলকাতার রানী রাশমণি প্রতিষ্ঠিত দক্ষিণেশ্বর কালী বাড়ি, বেলুড় মঠ এবং আদ্যাপীঠস্থান ভ্রমণ করে আসেন।

তিনি হিন্দুধর্ম নিয়ে গবেষণা করে ইতোমধ্যে বেশ কয়েকটি হিন্দুধর্মীয় গ্রন্থ প্রকাশ করেছেন। তাঁর লেখা ও সম্পাদিত গ্রন্থগুলির মধ্যে রয়েছে-

- ❖ হিন্দুর ধর্মকথা
- ❖ বাংলাদেশে হিন্দু ও তার ধর্মীয় প্রতিষ্ঠান
- ❖ পবিত্র গীতার কথা
- ❖ শ্রীকৃষ্ণ কে ? কি তাঁর উপদেশ ?
- ❖ সনাতন ধর্মশিক্ষা (ছোট সোনামণিদের জন্য)
- ❖ সনাতন ধর্মশিক্ষা (প্রথম ভাগ)
- ❖ সনাতন ধর্মশিক্ষা (দ্বিতীয় ভাগ)
- ❖ বৃত্তে বন্দি হিন্দুধর্মীয় ফাউন্ডেশন ও দেবোত্তর বোর্ড
- ❖ সনাতন ধর্মের আলোকে সোনামণিদের অ আ ক খ
- ❖ হিন্দুর ধর্ম জিজ্ঞাসা
- ❖ Sanatan Dharmar Alokey Chotto Sonamonider A B C D
- ❖ কী আছে ব্রহ্মবৈবর্ত পুরাণে ?
- ❖ সোনামণিদের অঙ্ক শিক্ষা
- ❖ বাংলাদেশের জনগণনায় হিন্দু জনগোষ্ঠীর অবস্থান
- ❖ সরকারি উদ্যোগে প্রথম বহিঃবাংলাদেশ তীর্থভ্রমণ
- ❖ বাংলাদেশে সনাতন ধর্মাবলম্বীদের তথ্যকণিকা
- ❖ বাংলাদেশের সনাতনধর্মীয় প্রতিষ্ঠান (সিলেট বিভাগ)
- ❖ গীতায় অর্জুনের প্রশ্ন এবং শ্রীকৃষ্ণের উত্তর

হিন্দুধর্মের প্রকৃত চর্চা/জ্ঞান অর্জনের মাধ্যমে হিন্দুরা এগিয়ে যাক সে বিষয়ে কাজ করে যাওয়াই তাঁর জীবনের লক্ষ্য।